গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা

এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| প্রস্তাবনা | | ০৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ০৪ |
| সেকশন ১ | রূপকল্প অভিলক্ষ্য,কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২ | বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব | ০৬-০৭ |
| সেকশন ৩ | কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রমসমুহ, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৮-০৯ |
| | | |
| **সংযোজনী ১** | **শব্দ-সংক্ষেপ** | ১১ |
| **সংযোজনী ২** | কর্মসম্পাদন সূচকসমুহ বাস্তবায়নকারী, কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১২-১৩ |
| **সংযোজনী ৩** | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যলয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৪ |

## প্রস্তাবনা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা
এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

# অধিদপ্তর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Directorate)

**সাম্প্রাতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

খাদ্য অধিদপ্তরের যথাযথ উদ্যোগের ফলে খুলনা বিভাগের বাজারে খাদ্যশস্যের সরবরাহ এবং বাজার মূল্য স্থিতিশীল রয়েছে। বিগত ৩ বছরে অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎস হতে মোট ১০.০০ লাখ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছে। পল্লী অঞ্চলে হতদরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ব্রান্ডিং খাদ্যবান্ধব কর্মসূচি গৃহীত হয়েছে, এই কর্মসূচির মাধ্যমে প্রায় ৬.১৯ লাখ পরিবারকে বছরের ৫ মাস কর্মভাবকালীন সময়ে প্রতি কেজি চাল মাত্র ১০ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হচ্ছে। এ বিভাগে সরকারি খাদ্য গুদামের ধারণক্ষমতা প্রায় ৩.০৩ লাখ মেট্রিক টনে উন্নীত হয়েছে। খাদ্যশস্যের পরিবহণ ও গুদাম ঘাটতির হার হ্রাস পেয়েছে। সরকারি সংরক্ষণাগারের ধারণক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বাগেরহাট জেলার জয়মনিরঘোলে ৫০ হাজার মে:টন ধারণ ক্ষমতার কনক্রিট গ্রেইন সাইলো নির্মাণ সম্পন্ন হয়েছে। পাশাপাশি এ বিভাগের দুর্যোগ প্রবণ ২টি জেলার ০৫টি উপজেলায় ৩৬৩১১টি  পারিবারিক সাইলো বিতরণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

ক্রমবর্ধমান জনসংখ্যা বিদ্যমান দারিদ্র ও অপুষ্টি দূরীকরণে কার্যকর খাদ্য ব্যবস্থাপনা পরিচালনা এবং সরকারি পরিকল্পনা ও বাজেট অনুযায়ী আপদকালীন জলবায়ু সহিষ্ণু খাদ্য নিরাপত্তা মজুত ব্যবস্থাপনার উদ্ভাবনী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

অব্যাহত প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধিকরণ। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অনুপুষ্টি ও জলবায়ু পরিবর্তনের অভিযোজন অন্তর্ভূক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে তৈরী পোষাক শিল্প, ১৬তম হতে ২০তম গ্রেডের কর্মচারী, গ্রামীণ দুস্থ নারী, স্বল্প আয়ের বৃহৎশিল্প শ্রমিক ও গ্রামীণ জনগণের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ সময়োপযোগী করা এবং খাদ্য বান্ধব কর্মসূচী বছরব্যাপি সম্প্রসারণ করা। সরকারি পর্যায়ে খাদ্য সংগ্রহ ও বিতরণ ব্যবস্থাপনায় ডিজিটাল সিস্টেম প্রবর্তণ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মাত্র ১০ টাকা কেজি দরে ৬ লাখ ১৯ হাজার পরিবারের মধ্যে ৯৩ হাজার মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ;
- কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান এবং খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণের লক্ষ্যে ২.০০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ;
- বাজারমূল্য স্থিতিশীল রাখা, বাজারে খাদ্য প্রাপ্যতা সহজলভ্য করা এবং নিম্নআয়ের জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সমন্বিত বিতরণ কর্মসূচিতে ১.৭০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ ;
- খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখার জন্য ওএমএস খাতে ৫ হাজার মেট্রিক টন চাল ও ২৬ হাজার মেট্রিক টন গম বিক্রয়;
- গুদামের ধারণক্ষমতা ৩.১৬ লাখ মেট্রিক টনে উন্নীতকরণ।

## সেকশন-১:

<u>কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহঃ</u>

১. রূপকল্প (Vision):১.

**সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য**

১.২ অভিলক্ষ্য (Mission) :২

**সমন্বিত নীতি-কৌশল বাস্তবায়ন এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিত করা।**

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :৩

**১.৩.১ খাদ্য অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা;
২. সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্প মূল্যে খাদ্যশস্য বিতরণ;
৩.খাদ্যশস্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;
৪. খাদ্য সংরক্ষণাগারের ধারণ ক্ষমতা বৃদ্ধি;
৫. খাদ্যশস্যের বাজার মূল্য স্থিতিশীল ও প্রাপ্যতা নিশ্চিতকরণ;
৬. নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন।

**১.৩.২ খাদ্য অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ
২. কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. জাতীয় শুদ্ধচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ খাদ্য অধিদপ্তরের কার্যাবলি (Functions):**

১. সরকারি খাদ্য ব্যবস্থাপনা ও খাদ্য নিরাপত্তা সুদৃঢ়করণ
২. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ ব্যবস্থাপনা
৩. খাদ্যশস্য (চাল ও গম) সংগ্রহ, মজুত, বিতরণ ও চলাচল ব্যবস্থাপনা
৪. খাদ্যশস্যের বাজার মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও প্রাপ্যতা সহজকরণ
৫. পর্যাপ্ত খাদ্যশস্য মজুদ সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ

## সেকশন ২

### কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ, ২০১৯-২০২০

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০২০ | | | | | প্রক্ষেপন ২০২০-২০২১ | প্রক্ষেপন ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ (৩১/০৫/১৯ পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা দপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা | ৩৫ | [১.১] অভ্যন্তরীণ চাল সংগ্রহ | সংগৃহীত চাল | লাখ মেঃ টন | ১৩ | ১.১০ | ১.৮৭ | ১.৯০ | ১.৭১ | ১.৫২ | ১.৩৩ | ১.১৪ | ১.৯০ | ১.৯০ |
| | | [১.২] বছর শেষে ন্যুনতম মজুদ গড়ে তোলা | মজুদকৃত খাদ্যশস্য | লাখ মেঃ টন | ১২ | ১.৩০ | ১.৪৫ | ১.৫০ | ১.৩৫ | ১.২০ | ১.০৫ | ০.৯০ | ১.৫০ | ১.৫০ |
| | | [১.৩] অভ্যন্তরীণ ধান সংগ্রহ | সংগৃহীত ধান | লাখ মেঃ টন | ০৩ | ০ | ০.০৩ | ০.১০ | ০.০৯ | ০.০৮ | ০.০৭ | ০.০৬ | ০.০১০ | ০.১১ |
| | | [১.৪] নতুন গুদাম নির্মাণ | নির্মিত ধারণক্ষমতা | হাজার মেঃটন | ০৩ | ০ | ৮.৫ | ১২ | ১০.৮০ | ৯.৬০ | ৮.৪০ | ৭.২০ | ০ | ০ |
| | | [১.৫] অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ | নির্মিত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ০২ | ০২টি | ৮টি | ৩ | ২.৭০ | ২.৪০ | ২.১০ | ১.৮০ | ৩ | ৩ |
| | | [১.৬] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | মেরামতকৃত ধারণক্ষমতা | হাজার মেঃটন | ০২ | ০ | ৮.০০ | ১০.০০ | ০৯.০০ | ০৮.০০ | ০৭.০০ | ০৬.০০ | ৮.০০ | ৮.০০ |
| | | [১.৭] অভ্যন্তরীণ উৎস হতে গম সংগ্রহ | সংগৃহীত গম | লাখ মেঃ টন | - | ০.০০ | ০.০০৫ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৩ | ০.০৩ | ০.০৪ | ০.০৪ |
| [২] সামাজিক নিরাপত্তা খাতে খাদ্যশস্য বিতরণ | ১৫ | [২.১] খাদ্যবান্ধব কর্মসূচি | বিতরণকৃত পরিমাণ | লাখ মেঃ টন | ১০ | ০.৫৬ | ০.৯৩ | ০.৯৩ | ০.৮৪ | ০.৭৫ | ০.৬৬ | ০.৫৬ | ০.৯৩ | ০.৯৩ |
| | | [২.২] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | লাখ মেঃ টন | ৫ | ০.৬০ | ০.৭৭ | ০.৮০ | ০.৭২ | ০.৬৪ | ০.৫৬ | ০.৪৮ | ০.৮০ | ০.৮০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০২০ | | | | | প্রক্ষেপন ২০২০-২০২১ | প্রক্ষেপন ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ (৩০/০৫/১৯ পর্যন্ত) | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা দপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] খাদ্যশস্যের (চাল ও গম) মূল্য স্থিতিশীল রাখা | ১০ | [৩.১] খোলা বাজারে আটা বিক্রি | বিক্রিত পরিমাণ | লাখ মেঃ টন | ০৫ | ০.৮২ | ০.২৬ | ০.২৮ | ০.২৬ | ০.২২ | ০.২০ | ০.১৭ | ০.২৮ | ০.২৮ |
| | | [৩.২] খোলা বাজারে চাল বিক্রি | বিক্রিত পরিমাণ | লাখ মেঃ টন | ০৫ | ১৩.০০ | ০.০০ | ০.০৫ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৩ | ০.০৫ | ০.০৫ |
| [৪] ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ৮ | [৪.১] পরিদর্শনের উপর গৃহীত ব্যবস্থা | গৃহীত ব্যবস্থার পরিমান | % | ০৪ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০ % | ১০০% |
| | | [৪.২] উদ্ধর্তন কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা | পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ০৪ | ১০০টি | ১০০টি | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১১০ | ১১০ |
| [৫] নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন | ৭ | [৫.১] খাদ্যের মান পরীক্ষা | পরীক্ষিত নমুনার সংখ্যা | সংখ্যা | ০৫ | ৬০টি | ১০০টি | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১১০ | ১১০ |
| | | [৫.২] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | হাজার মেঃ টন | ০২ | ০ | ১.৪ | ২.০০ | ১.৯০ | ১.৮০ | ১.৭০ | ১.৬০ | ২.০০ | ২.০০ |
| [৬] আর্থিক খাতে খাদ্যশস্য বিক্রয় | ৫ | [৬.১] বিশেষ জরুরী, অন্যান্য জরুরী ও শ্রমবহুল খাতে খাদ্যশস্য বিক্রয় | বিক্রিত পরিমাণ | লাখ মেঃ টন | ০৫ | ০.৩০ | ০.৩৮ | ০.৩৮ | ০.৩৪ | ০.৩০ | ০.২৬ | ০.২৩ | ০.৩৮ | ০.৩৮ |

# আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা দপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০১৯-২০
## (মোট নম্বর-২০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘণ্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই, ২০১৯ | ২৯ জুলাই, ২০১৯ | ৩০ জুলাই, ২০১৯ | ৩১ জুলাই, ২০১৯ | ০১ আগস্ট, ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩জানুয়ারি, ২০২০ | ১৬জানুয়ারি, ২০২০ | ১৭জানুয়ারি, ২০২০ | ২০জানুয়ারি, ২০২০ | ২১জানুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্দ্ধতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১ মার্চ, ২০২০ | ১৮ মার্চ, ২০২০ | ২৫ মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৩.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদ | [২.৪.১] অফিসে সকল তথ্য হালনাগাদকৃত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১৬ আগস্ট, ২০১৯ | ২০ আগস্ট, ২০১৯ | ২৪ আগস্ট, ২০১৯ | ২৮ আগস্ট, ২০১৯ | ৩০ আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারী, ২০২০ | ১১ ফেব্রুয়ারী, ২০২০ | ১৮ ফেব্রুয়ারী ২০২০ | ২৫ ফেব্রুয়ারী ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারী ২০২০ | ১১ ফেব্রুয়ারী ২০২০ | ১৮ ফেব্রুয়ারী ২০২০ | ২৫ ফেব্রুয়ারী ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২]অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

| | |
|---|---|
| ........................................ | ১৭.০৬.২০১৭ |
| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক<br>খুলনা | তারিখ |

| | |
|---|---|
| ড. মোছাম্মৎ নাজমানারা খানুম<br>মহাপরিচালক<br>খাদ্য অধিদপ্তর, ঢাকা। | ১৭.০৬.১৭ |
| ........................................ | ........................................ |
| মহাপরিচালক<br>খাদ্য অধিদপ্তর | তারিখ |

**সংযোজনী-১:**

**শব্দ সংক্ষেপ**

| ক্রঃ নং | আদ্যক্ষর | বর্ণনা |
|---|---|---|
| ১ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচারাল অর্গানাইজেশন |
| ২ | এফএফডব্লিউ | ফুড ফর ওয়ার্ক |
| ৩ | এফপিসি | ফেয়ার প্রাইস কার্ড |
| ৪ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |
| ৫ | জিআর | গ্রাটিসাস রিলিফ |
| ৬ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৭ | ওএমএস | ওপেন মার্কেট সেল |
| ৮ | টিআর | টেষ্ট রিলিফ |
| ৯ | ভিজিডি | ভালনারেবল গ্রুপ ডেভলপমেন্ট |
| ১০ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ১১ | এসআইপি | স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট |
| ১২ | ডব্লিউ এইচ ও | ওয়াল্ড হেলথ অর্গানাইজেশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহবাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি,

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] চাল সংগ্রহ | আমদানিকৃত ও সংগৃহীত চাল | নিরাপত্তামূলক খাদ্যমজুদ সংরক্ষণের জন্য অভ্যন্তরীণ উৎস হতে চাল সংগ্রহ করা হয়। এ কার্যক্রমবাস্তবায়নের ফলে উৎপাদক কৃষকগণকেতাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্যপ্রাপ্তির সুযোগ বৃদ্ধি করা হয়। এ ছাড়াও জলবায়ু পরিবর্তনজনিত উৎপাদন ঝুকি বিশেষতঃ প্রাকৃতিক দুর্যোগ, খরা, বন্যা ইত্যাদি কারণে ফসলহানির ফলে সম্ভাব্য প্রতিকুল পরিস্থিতি মোকাবেলার জন্য আপতকালীন বিতরণ নির্বিঘ্ন রাখার জন্য নিজস্ব সম্পদে সরকার টু সরকার বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বিদেশ থেকে চাল আমদানি করতে হয় | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন, খাদ্য অধিদপ্তর<br>চুক্তি ও shipment lot ভিত্তিক Final Discharge Report (FDR) | |
| | [১.২] গম সংগ্রহ | আমদানিকৃত ও সংগৃহীত গম | দেশে গমের উৎপাদন চাহিদার তুলনায় কম হওয়ায় সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থায় গম বিতরণ নির্বিঘ্ন রাখার জন্যনিজস্ব সম্পদে সরকার টু সরকার বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বিদেশ থেকেগম আমদানি করতে হয়। | খাদ্য অধিদপ্তর | চুক্তি ও shipment lot ভিত্তিক Final Discharge Report (FDR) | |
| | [১.৩] বস্তা ক্রয় | সংগৃহীত বস্তার সংখ্যা | নিরাপত্তামূলক খাদ্যমজুদ সংরক্ষণের জন্য অভ্যন্তরীণ উৎস হতে চাল সংগ্রহ করার জন্য সরকার সরকারী ও বেসরকারী মাধ্যম হতে প্রয়োজনীয় সংক্যক বস্তা ক্রয় করে থাকে। | খাদ্য অধিদপ্তর | দরপত্র, চুক্তি | |
| | [১.৪] বছর শেষে ন্যুনতম মজুদ গড়ে তোলা | মজুদকৃত খাদ্যশস্য | জলবায়ু পরিবর্তনজনিত উৎপাদন ঝুকিবিশেষতঃ প্রাকৃতিক দুর্যোগ, খরা, বন্যা ইত্যাদি কারণে ফসলহানির ফলেসম্ভাব্য প্রতিকুল পরিস্থিতি মোকাবেলার জন্য আপতকালীন মজুদ হিসেবে বছর শেষে খাদ্যশস্যের স্থিতির পরিমান ১০ লাখ মেট্রিক টন সংরক্ষণ করা হয় | খাদ্য অধিদপ্তর | বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন )APVR) | |
| ২ | [২.১] ইউনিয়ন পর্যায়ে খাদ্যবান্ধব কর্মসূচি | বিতরণকৃত পরিমাণ | কর্মাভাবকালে হতদরিদ্র জনগোষ্ঠীকে খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে বছরে ৫ মাসব্যাপি প্রতি কেজি ১০টাকা দরে প্রতি মাসে ৩০ কেজি করে চালসরবরাহ পূর্বক খাদ্য নিরাপত্তায় ভূমিকা রাখা। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২] ত্রাণমূলক খাতেখাদ্যশস্য সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | বাজারে খাদ্যশস্যের মূল্যস্থিতিশীল রাখা, খাদ্যশস্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ এবং সরকারি খাদ্য বিতরণব্যবস্থা বিশেষতঃ সামাজিক নিরাপত্তা (পিএফডিএস) চিতে বাজেট বরাদ্দ ওকর্মসূ চাহিদা অনুযায়ী চাল ও গম সরবরাহ করা হয়। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৩] শ্রমবহুল এলাকায় (এলইআই) খাদ্যশস্য বিক্রয় | বিক্রিত পরিমাণ | শ্রমবহুল এলাকায় খাদ্যশস্যের মূল্যস্থিতিশীল রাখা, খাদ্যশস্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ এবং উৎপাদনমুখি বৃহৎ প্রতিষ্ঠানে কর্মরতদের জন্য চাল ও গম বিক্রয়। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | [৩.১]উর্ধ্বতন কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা | পরিদর্শনর সংখ্যা | খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের স্থাপনাসমূহ নিয়মিত পরিদর্শনের মাধ্যমে প্রচলিত বিধি বিধান প্রতিপালন করা। | খাদ্য অধিদপ্তর | পরিদর্শন প্রতিবেদন | |
| | | পরিবদর্শন প্রতিবেদনের উপর গৃহিত ব্যবস্থা | খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের স্থাপনাসমূহ নিয়মিত পরিদর্শনের উপর দাখিলকৃত প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থা। | খাদ্য অধিদপ্তর | পরিদর্শন প্রতিবেদন | |
| | [৩.২] গুদাম ঘাটতি হ্রাস | ঘাটতির হার | খাদ্য ব্যবস্থাপনার উন্নতির জন্য গুদাম ঘাটতি হ্রাস | খাদ্য অধিদপ্তর | বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন )APVR) | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | [৩.৩] পরিবহন ঘাটতি হ্রাস | ঘাটতির হার | খাদ্য ব্যবস্থাপনার উন্নতির জন্য পরিবহন ঘাটতি হ্রাস | খাদ্য অধিদপ্তর | বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন )APVR) | |
| | [৩.৪] চলাচল সূচী ম্যানুয়াল হালনাগাদকরণ | হালনাগাদকৃত | খাদ্যশস্য চলাচল সঠিক ও দ্রুত করার জন্য চলাচল সূচী ম্যানুয়াল হালনাগাদকরণ | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন, খাদ্য অধিদপ্তর | |
| | [৩.৫]খাদ্য অধদিপ্তরের বদলি নীতিমালা হালনাগাদকরণ | হালনাগাদকৃত | খাদ্য ব্যবস্থাপনা গতিশীল করার জন্য বদলি নীতিমালা হালনাগাদকরণ। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন, খাদ্য অধিদপ্তর | |
| ৪ | [৪.১] নতুন গুদাম ও অন্যান্য আনুষঙ্গিকনির্মাণ | নির্মিত স্থাপনার সংখ্যা | উপজেলা ও জেলা পর্যায়ের গুদাম, অফিস ও স্থাপনা নির্মাণ করা ও মজুত সক্ষমতা বৃদ্ধি। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন, খাদ্য অধিদপ্তর | |
| | [৪.২] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | মেরামতকৃত স্থাপনার সংখ্যা | খাদ্য নিরাপত্তার অন্যতম অনুসংগ খাদ্যশস্য মজুদের জন্য পর্যাপ্ত ধারণক্ষমতা বৃদ্ধি। ধারণক্ষমতা অক্ষুন্নরাখার লক্ষ্যে সারাদেশে পুরাতন ও জরাজীর্ণ ফ্লাট গুদাম মেরামত ও রক্ষণাবেক্ষণ করতে হয়। | খাদ্য অধিদপ্তর | এডিপি বাস্তবায়ন অগ্রগতি | |
| | [৪.৩] আশুগঞ্জ, ময়মনসিংহও মধুপুরে আধুনিক স্টীল সাইলো নির্মাণ। | নির্মাণ সম্পন্ন | আধুনিক মজুদ ব্যবস্থা গড়ে তোলা ও মজুত সক্ষমতা বৃদ্ধি। | খাদ্য অধিদপ্তর | এডিপি বাস্তবায়ন অগ্রগতি | |
| | [৪.৪] পারিবারিক সাইলো বিতরণ | বিতরণকৃত সাইলো | দুর্যোগ প্রবণ এলাকায় খাদ্য নিরাপত্তা মজুদ গড়ে তোলার জন্য পারিবারিক সাইলো বিতরণ | খাদ্য অধিদপ্তর | এডিপি বাস্তবায়ন অগ্রগতি | |
| ৫ | [৫.১] জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় | বিক্রিত পরিমাণ | দেশের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীতে কর্মরতদের জন্য চাল ও গম বিক্রয় করা। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| | [৫.২] খোলা বাজারে খাদ্যশস্য বিক্রি | বিক্রিত পরিমাণ | বাজারে খাদ্যশস্য বিশেষতঃ চাল ও আটার মূল্য উর্ধ্ব গতি রোধকল্পে সরকারি গুদাম থেকে পরিকল্পনামাফিকখাদ্যশস্য ছাড় করে বাজার মূল্য নিয়ন্ত্রণ করা হয়। এ পরিকল্পনার অধীনেখোলাবাজারে ওএমএস পদ্ধতিতে বিক্রয় করা হয়। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | [৬.১] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | লক্ষমুখী কর্মসূচিতে চাল বিতরণ এবং ইউনিয়ন পর্যায়ে সুলভ মূল্য কার্ড কর্মসূচির মাধ্যমে অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ করা হবে। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| | [৬.২] খাদ্যের মান পরীক্ষা | পরীক্ষিতনমুনারসংখ্যা | খাদ্য অধিদপ্তর তার পরীক্ষাগারেসংগৃহীত নমুনা পরীক্ষা করে থাকে। সারা বছর এ ধরণের পরীক্ষিত নমুনার সংখ্যাসূচক হিসেবে নেয়া হয়েছে। | খাদ্য অধিদপ্তর | খাদ্য অধিদপ্তরের আইডিটিএস বিভাগের প্রতিবেদন | |

## সংযোজনী-৩ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যলয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়<br>পার্বত্য চট্টগ্রাম মন্ত্রণালয় | মজুদকৃত খাদ্যশস্য | বিভিন্ন কর্মসূচিতেবিতরণের সম্ভাব্য পরিমাণ | মজুদ গড়ে তোলার লক্ষ্যে শুরুতেই কার্যক্রম গ্রহণ | সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচী যথাযথ বাস্তবায়নের মাধ্যমে সার্বিক খাদ্য নিরাপত্তায় ভূমিকা রাখা। | পরিকল্পনা বাস্তবায়নে বিরূপ প্রভাব পড়তে পারে |
| স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়<br>কৃষি মন্ত্রণালয় | সংগৃহীত গম, সংগৃহীত চাল | বাস্তবায়ন সহযোগিতা | সংগ্রহ কমিটির সদস্য | জনগুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে ধান, চাল-গম সংগ্রহ কার্যক্রম/অভিযান সুষ্ঠুভাবে বাস্তবায়নে ভূমিকা রেখে উৎপাদনকারী কৃষকদের ন্যায্যমূল্য প্রদান এবং আপদকালীন মজুদ গড়ে তুলতে সহায়তা প্রদান। | সংগ্রহ কার্যক্রম ব্যাহত হবে |
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ধারণ ক্ষমতা বর্ধিত,মেরামতকৃতধারণ ক্ষমতা | নির্মাণ ও পুনর্বাসনে কারিগরী সহায়তা | মান সম্মত আধুনিক প্রযুক্তি নির্ভর নতুন গুদাম নির্মাণ ও পুরাতন গুদাম মেরামতে সহায়তা | সংরক্ষিত খাদ্যশস্যে পুষ্টিমান বজায় রেখে দীর্ঘদিন মজুদ করা এবং গুদাম ঘাটতি হ্রাস করা। | লক্ষ্যমাত্রা অর্জিত হবেনা |
| মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | সুবিধাভোগী শ্রেণী বিশেষ করে মহিলাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মান উন্নয়ন করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি নিশ্চিত করা। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |
| পানি সম্পদ মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | উপকূলীয় ও হাওর অঞ্চল এবং নদী ভাংগন এলাকায় বাধ নির্মাণ ও বেষ্টনী নির্মাণের মাধ্যমে সুবিধাভোগীদের সুরক্ষা ও সক্ষমতা বৃদ্ধি। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |
| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | শিশুদের পুষ্টি ও স্বাস্থ্যের মানোন্নয়নে ভূমিকা রাখা। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |